আমাদের সময়

E-paper ২৭ অক্টোবর ২০২৫




এআইইউবি ক্যাম্পাসে গত বৃহস্পতিবার ১০ম কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম এডুকেটরস নেটওয়ার্ক (সিজেন) কনফারেন্সের উদ্বোধনী অনুষ্ঠানে অতিথিরা • সংগৃহীত

# এআইইউবিতে দশম সিজেন কনফারেন্স অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক • আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশের (এআইইউবি) '১০ম কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম এডুকেটরস নেটওয়ার্ক (সিজেন) কনফারেন্স ২০২৫' অনুষ্ঠিত হয়েছে। মিডিয়া অ্যান্ড মাস কমিউনিকেশন (এমএমসি) বিভাগ আয়োজিত এই সিজেন গত বৃহস্পতিবার এআইইউবি ক্যাম্পাসে উদ্বোধন করা হয়।

ডিডব্লিউ একাডেমির সহযোগিতায় আয়োজিত দুই দিনব্যাপী এই সম্মেলনে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মিডিয়া শিক্ষাবিদ, গণমাধ্যম পেশাজীবী ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেছেন। সম্মেলনের মূল প্রতিপাদ্য 'মিডিয়া ট্রান্সফর্মড : বাংলাদেশ অ্যাট এ ক্রসরোডস'। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. এসএমএ ফয়েজ। বিশেষ অতিথি ছিলেন এশিয়ান মিডিয়া ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন সেন্টারের সেক্রেটারি-জেনারেল র‍্যামন গিলার্মো আর তুয়াজন।

অনুষ্ঠানে উদ্বোধনী বক্তব্য প্রদান করেন এআইইউবির ট্রাস্টি বোর্ডের সদস্য ড. কারমেন জেড. লামাগনা। আরও উপস্থিত ছিলেন এআইইউবির প্রতিষ্ঠাতা ইশতিয়াক আবেদীন, ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. সাইফুল ইসলাম এবং ইউল্যাবের প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. জুড উইলিয়াম জেনিলো।